তারিখ 05 AUG 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

সমকাল

# জঙ্গিবাদ ঠেকাতে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ে 'মনিটরিং সেল'

■ সমকাল প্রতিবেদক

সন্ত্রাসী ও জঙ্গিবাদী কর্মকাণ্ড পর্যবেক্ষণে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে 'সেল' গঠনের নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গতকাল বৃহস্পতিবার কমিশনের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে মনিটরিং সেলের সদস্যদের নাম ও পদবিসহ সেল গঠনের অফিস আদেশের কপি ইউজিসিতে পাঠাতে হবে। এ সেলের কার্যক্রম-সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসে ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয়ে পাঠাতে বলা হয়েছে। দেশে ৯৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন রয়েছে। এর মধ্যে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে ৮৪টিতে। অনিয়ম, দুর্নীতি ও সনদ বাণিজ্যের অভিযোগে সম্প্রতি দারুল ইহসান বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিয়েছে সরকার। গুলশান ও শোলাকিয়ায় সন্ত্রাসী হামলা এবং কল্যাণপুরে জঙ্গি আস্তানায় নিহত জঙ্গিদের বেশ কয়েকজন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী বলে জানার পর ইউজিসি এ সেল গঠনের পদক্ষেপ নেয়।